পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
গণপতিনগর :: উত্তর সোনামুই :: পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক : ১২০ /বন ও ভূমি/পুকুর

তারিখ: ২৯-০৫-২০১৮

বিজ্ঞপ্তি(পুকুর)

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পারিষদ পরিচালনাধীন সংযোজিত তালিকা অনুযায়ী পুকুরগুলি (জল অংশ) পূর্ব মেদিনীপুর জেলা পারিষদ কার্যলয়ে (সভাকক্ষে) জেলা পরিশদ কর্তৃপক্ষের উপস্থিতিতে বাংলা ১৪২৫ ও ১৪২৬ সনের নিমিত্ত ইজারা বিলির জন্য সর্বসাধারনের মধ্যে প্রকাশ্য নীলাম ডাক করা হবে। উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হয়ে নিজ নিজ নামে ডাক দিতে হবে।

প্রকাশ থাকে যে, নীলাম ডাকের পূর্বে প্রত্যেক ডাককারিকে উল্লিখিত পুকুরগুলির পার্শ্বেবর্নিত পরিমান অর্থ আমানত বাবদ জমা রাখতে হবে। সর্বোচ্চ প্রথম, দ্বিতীয়, তৃতীয় ডাককারী ব্যতিরেকে অন্যান্য ডাককারীদিগকে ঐ আমানতের অর্থ নীলাম শেষে সঙ্গে সঙ্গে ফেরত দেওয়া হবে।

সর্বসাধারন ডাকে অংশগ্রহন করতে পারবেন ।

যে সমস্ত নিয়মে নিলাম ডাক হবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হল -

১) পুকুরগুলি বাংলা ১৪২৫ ও ১৪২৬ সনের নিমিত্ত ইজারার অনুমতি দেওয়া হবে। পুকুরের জন্য যে সর্বোচ্চ ডাক তা সে পুকুরের খাজনা হিসাবে ধার্য্য হবে।

২) নীলাম ডাক সর্বোচ্চ বিধায় গৃহীত হলে উক্ত সর্বোচ্চ ডাক কারীকে ডাকের সমূহ অর্থ অর্থাৎ এককালীন অর্থ তৎক্ষনাৎ অত্র অফিসে জমা দিতে হবে।

৩) প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। যদি তিনি সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, অনুরূপ ভাবে তৃতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হবে এবং এই পক্রিয়া চলতে থাকবে ।

তবে যদি পাশাপাশি ডাককারীর মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে, সেক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলে ঘোষনা করতে পারেন। সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ জমা না দিলে তাঁর জমা দোওয়া আমানত অর্থ বাজেয়াপ্ত হবে এবং দ্বিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হবে। আমানত অর্থ বাজেয়াপ্ত করার ক্ষেত্রে একই নিয়ম পযুক্ত হবে। অনেক সময় নগদে সমস্ত টাকা এককালীন দেওয়ার ক্ষেত্রে ডাকে অংশগ্রহনকারী ব্যাক্তিগন বেশী পরিমান টাকা দূর থেকে নগদে বহন করার অসুবিধার কারন দেখিয়ে সর্বোচ্চ ডাকের টাকার কিছু অংশ পরবর্ত্তীকালে পরিশোধ করার জন্য সময় প্রার্থনা করেন। বিশেষ করে তাদের জন্য জেলা পরিষদের বক্তব্য যে, মনে করলে সরকারী ডাকের অর্থ তাঁরা ব্যাঙ্ক ড্রাফ্‌ট (স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, তমলুক রেলওয়ে শাখার উপর Financial Controller & Chief Accounts officer,Purba Medinipur Zilla Parishad এর অনুকূলে প্রস্তুত করে) এর মাধ্যমে নিয়ে আসতে পারেন। কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ মেটানোর ক্ষেত্রে কোনও ওজর আপত্তি শোনা যাবে না।

৪) প্রয়োজন বোধে কোনো পুকুর নীলাম ডাক হতে বাদ দেওয়া যাবে। কোনোরূপ কারন না দর্শিয়ে যে কোনো ডাক গ্রহন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে।

৫) যে সকল ডাককারী পুকুর ডাক করে পরে পুকুর নিতে অস্বীকার করেন তাঁর / তাঁদের ডাকের সমপরিমান অর্থ ১ বৎসরের খাজনার টাকার দায়ী হবেন। প্রতারনার জন্য দন্ডবিধি আইনানুসারে দন্ডনীয় হবেন এবং পুনরায় পুকুর নীলাম হলে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তারা দায়ী হবেন।

৬) যারা ইজারাদার নিযুক্ত হবেন তাঁরা জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিনামা সম্পাদন করে দিবেন। অন্যথায় পুকুরের দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি পরোয়ানা না নিয়ে পুকুর দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

৭) পুকুরের নীলাম ডাক জেলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হবে। যদি কোন পুকুরের নীলাম কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হলে পুনরায় সেই পুকুর নীলাম ডাক হবে ও নীলাম ডাকের অইন মোতাবেক কার্য্যকর হবে।

৮) পূর্বতন ইজারাদার এর টাকা বাকি থাকলে ঐ পুকুরের ডাকের পূর্বে বকেয়া টাকা জেলা পরিষদ তহবিলে জমা না দিলে তিনি ডাকে অংশগ্রহন করতে পারবেন না।

৯) যদি কোন ডাককারীর নাম গোপন করে কাল্পনিক নামে ডাক করেন অথবা নোটিশের শর্ত এবং জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদ কে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তা হলে আইনানুসারে দন্ডনীয় হবেন।

১০) পুকুরের মাছ রক্ষনাবেক্ষনের দায়িত্ব থাকবে সম্পুর্নরূপে ইজারাদারের। পুকুরের মাছের ক্ষয়ক্ষতির জন্য জেলা পরিষদ কর্তৃপক্ষ কোন রকম দায়ী থাকবে না।

১১) প্রকাশ্য নীলাম ডাক কক্ষে ডাককারীর সঙ্গে অতিরিক্ত একজন থাকতে পারবেন। কোন অবস্থায় ডাককারীর সঙ্গে এক জনের বেশী সঙ্গীকে প্রকাশ্য নীলাম ডাল কক্ষে থাকার অনুমতি দেওয়া হবে না।

সংযুক্তিকরন : ৫ টি পুকুর নীলামের নির্ঘন্ট

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

স্মারক নং ঃ১২০/১(৮০)/বন ও ভূমি তারিখ: ২৮-০৫-২০১৮

প্রতিলিপি অবগতি ও জ্ঞতার্থে প্রেরিত হল।

১., সভাধিপতি ,পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
২. জেলা শাসক, পূর্ব মেদিনীপুর ।
৩. আরাক্ষাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর ।
৪. সহ-সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
৫. অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
৬. কর্মাধ্যক্ষ (সকল)স্থায়ী সমিতি,পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
৭. অর্থ নিয়ন্ত্রন ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
৮. প্রতিলিপি সভাপতি ও নির্বাহী আধিকারিক,সকল পঞ্চায়েত সমিতি ।
৯. অফিস অধিক্ষক/ মুখ্য সহায়ক/ গাননিক/ কোষাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ ।
১০. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,পূর্ব মেদিনীপুর ।
১১. The Dio, NIC Purba Medinipur, সম্পুর্ন বিজ্ঞপ্তিটি www.purbamedinipur.gov.in ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হচ্ছে ।
১২. ....পূর্বরে ইজারাদার ।
১৩. নোটিশ বোর্ড, পূর্ব মেদিনীপুর জেলা পারিষদ ।

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
গণপতিনগর :: উত্তর সোনামুই :: পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক : /বন ও ভূমি/পুকুর তারিখ:

তালিকা
(পুকুর নীলামের নির্ঘন্ট)

স্থান ঃ পূর্ব মেদিনীপুর জেলা পারিষদ সভাকক্ষ তারিখ: ১৩-০৬-২০১৮

ক্রমিক নং	পুকুরের নাম	সময়	দাগ নং	সরকারী ডাকে নুন্যতম অর্থ	ডাকের পূর্বে যে পরিমান অর্থ জমা দিতে হবে	পঞ্চায়েত সমিতি
1.	পায়া (৪.২৫ একর)	দুপুর ১২.৩০	১,২,৩,১৪৭০ ,১৬১০	৮৬,০০০	৮৬০০	রামনগর ১
2.	কৃষ্ণসাগর (২ একর)	দুপুর ১২.৪৫	২০০৪	৭০০০০	৭০০০	এগরা ১
3.	কালিন্দি (৩০৫ শতক)	দুপুর ১.০০	১৭২৫	৪১২৫০	৪১২৫	রামনগর ২
4.	ময়না (৫৭ শতক)	দুপুর ১.১৫	১৭৬৬	১০০০০	১০০০	ময়না
5.	প্রতাপপুর দাতব্য চিকিৎশালয় (২.৬ শতক)	দুপুর ১.৩০	২৬৬	২১৩০০	২১৩০	পাঁশকুড়া ১

উপরোক্ত পুকুরগুলি বাংলা ১৪২৫ ও ১৪২৬ সনের জন্য অস্থায়ীভাবে মৎসচাষ সহ জল অংশ ব্যবহারের জন্য অনুমতি দেওয়া হবে।

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ